

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
**পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়**  
**উন্নয়ন শাখা**  
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা**

**বিষয়: ‘পার্বত্য মেলা ২০২৩’ আয়োজন উপলক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক গঠিত সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত উপকমিটির সভার  
কার্যবিবরণী।**

<b>সভাপতি</b>	: জনাব সত্যেন্দ্র কুমার সরকার, অতিরিক্ত সচিব(উন্নয়ন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
<b>সভার তারিখ</b>	: ২১ ডিসেম্বর ২০২২ খ্রি:
<b>সময়</b>	: সকাল ১০.০০ টা
<b>সভার স্থান</b>	: সম্মেলন কক্ষ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও জুম প্ল্যাটফর্ম (হাইব্রিড প্রক্রিয়া)
<b>সভার উপস্থিতি</b>	: পরিশিষ্ট ‘ক’

**সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট ‘ক’।**

১। **সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।** সভাপতি জানান আগামী ১২-১৫ জানুয়ারি ২০২৩ তারিখ হতে ৪ দিনব্যাপী অনুষ্ঠিতব্য পার্বত্য মেলায় তিন পার্বত্য জেলার শিল্পীবৃন্দদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। জুম প্ল্যাটফর্মে সংযুক্ত বান্দরবান পার্বত্য জেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় আগত শিল্পীদের যথাযথভাবে আপ্যায়নের ব্যাপারে জিজ্ঞাসা করলে সভাপতি মহোদয় বলেন আগত শিল্পীদের অনুষ্ঠানের দিন আপ্যায়ন ব্যবস্থা মন্ত্রণালয় কর্তৃক বহন করা হবে। তবে আর কোনো ব্যয় যেমন: শিল্পীদের ঢাকায় থাকা, যাতায়াত ও অন্যান্য ব্যয়ভাবে সংশ্লিষ্ট সংস্থা বহন করবেন। এ পর্যায়ে বান্দরবান পার্বত্য জেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা মেলা চলাকালীন সময়ে শিল্পীদের জন্য আলাদা ওয়াশরুম, স্টেজে পর্যাপ্ত আলো, ব্যানার ও স্টেজ যাতে উচু নিচু না থাকে সে ব্যাপারে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। এ ব্যাপারে সভাপতি মহোদয় মেলা আয়োজনের সাথে সংশ্লিষ্টদের মাধ্যমে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে মর্মে বান্দরবান পার্বত্য জেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা-কে আস্বস্ত করেন। এ পর্যায়ে সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন) কোনো নির্দিষ্ট থিম আছে কিনা এ ব্যাপারে জানতে চাইলে সভাপতি মহোদয়ও একমত প্রকাশ করে সভায় সংযুক্ত সকলকে তাঁদের পছন্দের কোনো থিম ব্যানারে ব্যবহার ও মেলা সুষ্ঠুভাবে আয়োজনের ব্যাপারে সুন্দর আইডিয়া থাকলে তা পাঠানোর জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতি মহোদয় স্টেজে কোন্ কোন্ আইটেম কত সময়ব্যাপী থাকবে তা লিখিতভাবে প্রেরণের জন্যও নির্দেশনা প্রদান করেন। মেলায় অনুষ্ঠানসমূহ সুষ্ঠু ও সুদর্ভভাবে করা এবং কোনদিন কোন জেলা প্রারম্ভ করবে এ বিষয়ে উপ-কমিটির সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিক্ষান্ত গৃহীত হয়:

২.১। চার দিনব্যাপী অনুষ্ঠিতব্য অনুষ্ঠানে তিন পার্বত্য জেলা পরিষদের শিল্পীবৃন্দ নিম্নলিখিত দিনে অংশগ্রহণ করবেন;

দিন	তারিখ	পার্বত্য জেলা
প্রথম দিন	১২/০১/২০২৩	খাগড়াছড়ি, রাঙামাটি, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ সম্মিলিতভাবে
দ্বিতীয় দিন	১৩/০১/২০২৩	রাঙামাটি পার্বত্য জেলা পরিষদ
তৃতীয় দিন	১৪/০১/২০২৩	বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
চতুর্থ দিন	১৫/০১/২০২৩	খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

২.২। তিন পার্বত্য জেলা পরিষদ আগামী ০৫/০১/২০২৩ তারিখের মধ্যে নাম ও টেলিফোন নাম্বারসহ পার্বত্য মেলার সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত ফোকাল পয়েন্ট নির্ধারণ করে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করবে;

২.৩। আগামী ০৫/০১/২০২৩ তারিখের মধ্যে তিন পার্বত্য জেলা পরিষদ নির্ধারিত সময় উল্লেখপূর্বক অনুষ্ঠান সূচী এবং গান-নাচের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

২.৪। অনুষ্ঠান প্রতিদিন ০২ ঘণ্টা করে চলবে;

২.৫। অনুষ্ঠানের দিন শিল্পীদের জন্য বিকালের রিফ্রেশমেন্ট ও রাতে ডিনারের ব্যবস্থা করতে হবে এবং ব্যয় মন্ত্রণালয় নির্বাহ করবে;

(চলমান পাতা-০২)

- ২.৬। স্টেজে পর্যাপ্ত আলো, ব্যানার এবং স্টেজ যেন অসমান না থাকে সে আলোকে ‘পার্বত্য মেলার অনুষ্ঠান আয়োজন, স্টেল নির্মাণ ও বরাদ্দ উপকরণটি’ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- ২.৭। অনুষ্ঠান চলাকালীন সময়ে স্টেজ, শ্রীগুরুম ও স্টেজের সাথে শ্রীগুরুমে চলাচলের রাস্তার নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে ‘আইন শৃঙ্খলা রক্ষা উপকরণটি’ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- ২.৮। সাংস্কৃতিক অনুষ্ঠানে বৈচিত্র্য থাকতে হবে;
- ২.৯। সাউন্ড সিস্টেম এবং অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় ইলেক্ট্রুমেন্ট এর ব্যবস্থা ‘পার্বত্য মেলার অনুষ্ঠান আয়োজন, স্টেল নির্মাণ ও বরাদ্দ উপকরণটি’ করবে;
- ২.১০। চার দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান বিষয়ে উপ-কর্মিটি একটি যথাযথ সমন্বয় পরিকল্পনা প্রণয়ন করবে;
- ২.১১। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত তারিখের সাংস্কৃতিক অনুষ্ঠান প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী আয়োজনের নিমিত্ত ফোকাল পয়েন্ট হিসাবে মনোনীত করা হ'ল। কর্মকর্তাগণ তিনি পার্বত্য জেলা পরিষদের সাথে সমন্বয় সাধন করবে;

ক্রমিক নং	কর্মকর্তাদের নাম ও পদবী	তারিখ	পার্বত্য জেলা পরিষদের নাম
২.১১.১	জনাব আশীর কুমার সাহা, উপসচিব পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	১২/০১/২০২৩	খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ও সম্মিলিতভাবে
২.১১.২	জনাব মুন্না রাণী বিশ্বাস, সিনিয়র সহকারী সচিব পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	১৩/০১/২০২৩	রাঙ্গামাটি পার্বত্য জেলা
২.১১.৩	জনাব আশীর কুমার সাহা, উপসচিব পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	১৪/০১/২০২৩	বান্দরবান পার্বত্য জেলা
২.১১.৪	জনাব মুন্না রাণী বিশ্বাস, সিনিয়র সহকারী সচিব পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	১৫/০১/২০২৩	খাগড়াছড়ি পার্বত্য জেলা

৩। পরিশেষে আলোচ্য আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ প্রদান পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

২৯/১২/২০২২

(সত্যেন্দ্র কুমার সরকার)

অতিরিক্ত সচিব (উ:)


পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

তারিখ: ২৯ ডিসেম্বর, ২০২২

নং-২৯.০০.০০০০.২২৫.০১৪.০১২.১৫- ৩২৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

- ১) উপসচিব, সমন্বয়-২ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা
- ৩) মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ৪) নির্বাহী কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কোর্টবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

  
(মুন্না রাণী বিশ্বাস)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ +৮৮০২২৩০৫৭১১৮

e-mail : dsdev@mochta.gov.bd